দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বেতন দিতে না পারায় ক্লাস থেকে বের করে দিলেন শিক্ষক

■ রামগঞ্জ (লক্ষ্মীপুর) সংবাদদাতা

রামগঞ্জের কাশিমনগর ফাজিল মাদ্রাসার মাসিক বেতন ও পরীক্ষার ফি দিতে না পারায় গতকাল মঙ্গলবার আলীম ২য় বর্ষের ছাত্র ঈমাম হাসানকে শ্রেণিকক্ষ থেকে বের করে দিয়েছেন প্রভাষক মাসুদ আলম।

স্থানীয় সূত্রে জানা যায়, ঈমাম হাসানের মাসিক বেতন ও পরীক্ষার ফি বাবদ ৮৯০ টাকা বকেয়া পড়ে। সেই বকেয়া দিতে না পারায় ক্লাস চলাকালীন প্রভাষক মো. মাসুদ আলম তাকে অপমান করে বের করে দেন। ঈমামের বাবা বিষয়টি স্থানীয় ইউপি সদস্য মো. তাজুল ইসলাম বাবুলকে জানান। সে মাদ্রাসায় গিয়ে এই ঘটনার প্রতিবাদ জানালে প্রভাষক মাসুদ আলম, মন্নান মাস্টার ও ভাইস প্রিন্সিপাল ওই মেম্বারকে অপমান করে মাদ্রাসা থেকে বের করে দেন।